গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
তথ্য অধিদফতর
PRESS INFORMATION DEPARTMENT. GOVERNMENT OF THE PEOPLE'S REPUBLIC OF BANGLADESH

তথ্যবিবরণী নম্বর-৯৭

# সিরাজগঞ্জে মিডিয়াকর্মীদের নিয়ে কনসালটেশন ওয়ার্কশপ অনুষ্ঠিত

রাজশাহী; ২৩ আশ্বিন (০৮ অক্টোবর):

সিরাজগঞ্জ জেলা তথ্য অফিসের আয়োজনে এবং ইউনিসেফের আর্থিক সহযোগিতায় জেলা প্রশাসকের সম্মেলন কক্ষে আজ বুধবার (৮ অক্টোবর) সকালে টাইফয়েড টিকাদান ক্যাম্পেইন-২০২৫ উপলক্ষে জেলা পর্যায়ে মিডিয়াকর্মীদের অংশগ্রহণে কনসালটেশন ওয়ার্কশপ অনুষ্ঠিত হয়েছে। ওয়ার্কশপে সভাপতিত্ব করেন জেলা প্রশাসক মুহাম্মদ নজরুল ইসলাম।

অনুষ্ঠানে মিডিয়াকর্মীদের উদ্দেশে জেলা প্রশাসক বলেন, বাংলাদেশে ইপিআই টিকাদান কর্মসূচি সফলভাবে বাস্তবায়িত হয়েছে। আমরা চাই টাইফয়েট টিকাদান কর্মসূচিও যেন সফলভাবে বাস্তবায়িত হয়।

এ ক্যাম্পেইন নিয়ে গুজবের বিষয়ে সজাগ থাকার আহ্বান জানিয়ে তিনি বলেন, আমরা জানি সাংবাদিকরা গুজব ছড়ায় না কিন্তু কিছু কনটেন্ট ক্রিয়েটর দ্বারা গুজব ছড়িয়ে পড়ে। এজন্য তিনি সব মিডিয়াকর্মীর সহযোগিতা কামনা করেন।

সিরাজগঞ্জ জেলা তথ্য অফিসের উপপরিচালক মোহাম্মদ আলী এর সঞ্চালনায় অনুষ্ঠানে অন্যান্যের মধ্যে অতিরিক্ত জেলা প্রশাসক গনপতি রায়, ইসলামিক ফাউন্ডেশনের উপপরিচালক মুহাম্মদ ফারুক হোসেন, ইউনিসেফ এর রংপুর এবং রাজশাহী বিভাগের চিফ এ এইচ তৌফিক আহমেদ, ইউনিসেফের কনসালট্যান্ট ডা. মো. রেজাউল রহমান মিল্টন প্রমুখ বক্তৃতা করেন।

.........................................................................
রুহুল/তৌহিদ/আতিক/আলীম/হালিম/২০২৫/১৬:০০ঘ.

টেলিফোন : সংবাদকক্ষ : ঢাকা - ৯৫১২২৪৬, ৯৫১৪৯৮৮; চট্টগ্রাম - ০৩১-২৫২১৩৬১; খুলনা - ০৪১-৭২০৭৪৯; রাজশাহী -০২৫৮৮৮৫১৩৩৯
ফ্যাক্স : ঢাকা-৯৫৪০৯৪২, ৯৫৪০০২৬, ৯৫৪০৫৫৩; চট্টগ্রাম - ৭১০১০২; খুলনা - ৭২০৮৫৩; রাজশাহী - ৭৭২৩৩৯
ই-মেইল : piddhaka@gmail.com, piddhaka@yahoo.com; ওয়েবসাইট : www.pressinform.gov.bd